

## 💵 রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের] গৃহে একদিন

বিভাগ/অধ্যায়ঃ বিষয়সূচী এবং বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ঘরে নফল সালাত আদায় করা

এ ঘরে তো ঈমানেরই আবাদ। ইবাদাত ও যিকিরে ভরপুর। আর আমাদের ঘরও যেন সেরকম হয় সে জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের অসিয়ত করেছেন। তিনি বলেন:

«اجعلوا في بيوتكم من صلاتكم ولا تتخذوها قبورًا».

তোমাদের ঘরেও তোমরা কিছু সালাত আদায় করো, ঘরকে সালাত না পড়ে কবরে পরিণত করো না।[1] ইবনুল কাইয়িয়েম রাহিমাহুল্লাহ বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাধারণত সুন্নত সালাতগুলি এবং ঐ নফল সালাত যা নির্ধারিত কারণে [যেমন, জানাযা, চন্দ্র গ্রহণ ইত্যাদি] পড়া হয় তা ঘরেই পড়তেন বিশেষ করে মাগরিবের সুন্নাত। তিনি মাগরিবের সুন্নাত মসজিদে পড়েছেন এমন কোন প্রমাণ নেই। ঘরে সুন্নাত ও নফল সালাত আদায় করার অনেক উপকার রয়েছে, তন্মধ্যে:

- -নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতের অনুকরণ।
- -মহিলা ও শিশুদেরকে নামাযের পদ্ধতি শিক্ষা দেওয়া।
- -নামাযে কেরাত ও যিকির করার মাধ্যমে শয়তানকে ঘর থেকে বিতাড়িত করা।
- সালাত মসজিদে আদায় করার তুলনায় অধিক ইখলাস পূর্ণ হওয়া।
- লোক দেখানো তথা রিয়া বা ছোট শিরক থেকে বাঁচা।

## ফুটনোট

[1] বুখারী, হাদিস: ৪৩২

Source — https://www.hadithbd.com/books/link/?id=8385

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন